গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
সোনারগাঁ, নারায়ণগঞ্জ

**উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির ডিসেম্বর-২০২২ মাসের সভার কার্যবিবরণী**

সভাপতিঃ মোঃ রেজওয়ান-উল-ইসলাম
উপজেলা নির্বাহী অফিসার
সোনারগাঁ, নারায়ণগঞ্জ

তারিখঃ ২৯ ডিসেম্বর, ২০২২; সময়ঃ সকাল- ১১ টা

সভার উপস্থিতি- পরিশিষ্ট ''ক'' তে সংযুক্ত

সভাপতি উপস্থিত সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি উপস্থিত সম্মানীত সদস্যগণের নিকট হতে মুক্ত আলোচনার আহবান জানান। সে প্রেক্ষিতে নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত হয়।

**বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদনঃ**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির নভেম্বর, ২০২২ মাসের সভার কার্যবিবরণী পাঠ করা হয় এবং কার্যবিবরণী যথাযথভাবে লিপিবদ্ধ হয়েছে মর্মে সকলে মত প্রকাশ করেন। | উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির নভেম্বর, ২০২২ মাসের সভার কার্যবিবরণী দৃঢ়করণ করতে হবে। | সকল সদস্য |

**সার্বিক আইন শৃঙ্খলা পরিস্থিতিঃ**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| ২.০১. সভায় উপজেলা আইন শৃঙ্খলা কমিটির সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসার জানান যে, সোনারগাঁ উপজেলায় আইন শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক আছে। যানজট নিরসনে মোগরাপাড়া চৌরাস্তায় রাস্তার দুইপাশের অবৈধ দোকানপাঠ মোবাইল কোর্টের মাধ্যমে উচ্ছেদ করা হয়েছে। পরবর্তীতে যেন পুনরায় অবৈধ দোকানপাঠ না বসে সেদিকে সংশ্লিষ্ট সকলকে লক্ষ্য রাখতে হবে। তাছাড়াও সোনারগাঁ উপজেলায় বাল্য বিবাহ, নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কার্যক্রম অব্যাহত রয়েছে। | ১/ সোনারগাঁ উপজেলায় আইন শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখা এবং যানজটমুক্ত রাখার বিষয়ে মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে।<br>২/ বাল্য বিবাহ বন্ধ, নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ এবং মাদকের বিরুদ্ধে সকলকে একসাথে কাজ করতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার, সোনারগাঁ<br>২। অফিসার ইনচার্জ সোনারগাঁ থানা<br>২। উপজেলা মহিলা বিষয়ক অফিসার<br>৩। চেয়ারম্যান (সকল) ইউপি |
| ২.০২ সভায় চেয়ারম্যান, জামপুর ইউনিয়ন পরিষদ জনাব মোঃ হুমায়ন কবির ভূইয়া বলেন যে, শীতকালীন সময়ে জামপুর ইউনিয়নে ডাকাতির ঘটনা ঘটে থাকে বেশী। বিশেষকরে তালতলা থেকে আমগাও রোডে এবং বস্তল থেকে গাউছিয়া রোডে ডাকাতির প্রবনতা বৃদ্ধি পেয়েছে। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিস্ট সকলকে অনুরোধ জানান। | সোনারগাঁ উপজেলার সকল ইউনিয়ন ও পৌরসভায় ডাকাতি প্রবনতা রোধে পুলিশী টহল বৃদ্ধি করতে হবে এবং গ্রাম পুলিশদের রাতে পাহারা দেয়া নিশ্চিত করতে হবে। | ১। অফিসার ইনচার্জ সোনারগাঁ থানা<br>২। অফিসার ইনচার্জ হাইওয়ে থানা<br>৩। চেয়ারম্যান সকল ইউপি |
| ২.০৩ সভায় জনাব আবু বক্কর সিদ্দিক, সাধারণ সম্পাদক, সোনারগাঁ প্রেসক্লাব বলেন যে, সোনারগাঁ উপজেলায় অসংখ্য অবৈধ ক্লিনিক গড়ে উঠেছে। অবৈধ ক্লিনিক গুলোতে অভিযান পরিচালনার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন।<br>এ বিষয়ে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার জানান যে, অবৈধ ক্লিনিক গুলোতে অভিযান পরিচালনা করে সিলগালা করলে তারা কয়েকদিন পরে আবার চালু করে দেয়। অবৈধ ক্লিনিক গুলোর বিরুদ্ধে মোবাইল কোর্টের মাধ্যমে অভিযান পরিচালনা করা হলে অভিযান গুলো আরও ফলপ্রসু হবে। | মোবাইল কোর্টের মাধ্যমে অবৈধ ক্লিনিক গুলোতে অভিযান পরিচালনা করতে হবে। | ১। সহকারী কমিশনার (ভূমি), সোনারগাঁ<br>২। অফিসার ইনচার্জ সোনারগাঁ থানা<br>৩। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার |
| ২.০৪ সভায় অফিসার ইনচার্জ, সোনারগাঁ থানা জনাব মাহবুবুর রহমান জানান যে, সোনারগাঁ উপজেলার আইন শৃঙ্খলা পরিস্থিতি ভালো। তিনি আরও বলেন যে, শীতকালীন সময়ে ডাকাতির প্রবনতা বেশী হয়ে থাকে। আইন শৃঙ্খলা বাহিনীর পাশাপাশি গ্রাম পুলিশের পাহাড়ার ব্যবস্থা করার জন্য সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান সাহেবদের অনুরোধ জানান। | সোনারগাঁ উপজেলার সকল ইউনিয়ন ও পৌরসভায় ডাকাতি প্রবনতা রোধে বন্ধে পুলিশী টহল বৃদ্ধি করতে হবে এবং গ্রাম পুলিশদের রাতে পাহারা দেয়া নিশ্চিত করতে হবে। | ১। অফিসার ইনচার্জ সোনারগাঁ থানা<br>২। অফিসার ইনচার্জ হাইওয়ে থানা<br>৩। চেয়ারম্যান সকল ইউপি |

